

## কোচিং বাণিজ্যের অভিযোগ ৫২২ শিক্ষকের বিরুদ্ধে দুদকের সুপারিশ যাচ্ছে মন্ত্রণালয়ে

### যুগান্তর রিপোর্ট

রাজধানীর নামি-দামি ২৪ সরকারি বিদ্যালয়ের ৫২২ শিক্ষককে বদলির চূড়ান্ত সুপারিশ চলতি সপ্তাহেই শিক্ষা মন্ত্রণালয়ে যাচ্ছে। বছরের পর বছর একই প্রতিষ্ঠানে থেকে কোচিং বাণিজ্যের সঙ্গে জড়িত থাকার অভিযোগ রয়েছে এসব শিক্ষকের বিরুদ্ধে। দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধানে এসব শিক্ষকের বিরুদ্ধে ১০ বছর থেকে সর্বোচ্চ ৩৩ বছর পর্যন্ত একই বিদ্যালয়ে থেকে কোচিং বাণিজ্যে জড়িয়ে পড়ার প্রমাণ পাওয়া গেছে। সরকারি নীতিমালা ও নির্দেশিকা অনুসারে এসব শিক্ষককে বদলি করা হয়নি। অনুসন্ধান শেষে দুদকের সংশ্লিষ্ট টিম ৫২২ শিক্ষককে বদলির সুপারিশ করে কমিশনে প্রতিবেদন দাখিল করে। এ বিষয়ে জানতে চাইলে দুদকের চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেন, ৫২২ শিক্ষকের তালিকা এখনও পাঠানো হয়নি। শিগগিরই সুপারিশ মন্ত্রণালয়ে যাবে। এত বছর একজন শিক্ষক কীভাবে একটি প্রতিষ্ঠানে থাকে? শিক্ষক বদলির একটি নীতিমালা আছে। সেই নীতিমালার ব্যত্যয় কীভাবে ঘটল সে বিষয়টিই আমি বলেছি। আমরা মন্ত্রণালয়কে আমাদের ফাইলিংসগুলো বলেছি। এখন মন্ত্রণালয় সিদ্ধান্ত নেবে তারা কী করবে।

চলতি বছরের ফেব্রুয়ারি থেকে ঢাকার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ভর্তি বাণিজ্য, কোচিং বাণিজ্য ও নিয়োগ বাণিজ্যের নামে কোটি কোটি টাকা আত্মসাতের অভিযোগ অনুসন্ধান শুরু করে। দুদকের পরিচালক মীর মো. জয়নুল আবেদীন শিবলীর নেতৃত্বে পাঁচ সদস্যের একটি দল অনুসন্ধান শেষে ১ নভেম্বর তাদের অনুসন্ধান প্রতিবেদন দাখিল করে।

দুদকের উপ-পরিচালক (জনসংযোগ) প্রণব কুমার ভট্টাচার্য বলেন, 'সরকারি নীতিমালা মোতাবেক, শিক্ষকদের এক কর্মস্থলে তিন বছরের অধিক সময় অতিবাহিত হলেই তাদের অন্যত্র বদলি করার নির্দেশনা রয়েছে। ওই নির্দেশনা মোতাবেক দুদক থেকে সুপারিশ করা হয়েছে।

যেসব বিদ্যালয়ের শিক্ষকদের বদলির সুপারিশ করা হয়েছে তাদের মধ্যে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুলের ৩২, মোহাম্মদপুর সরকারি উচ্চবিদ্যালয়ের ২৬, ধানমণ্ডি গভর্নমেন্ট বয়েজ হাইস্কুলের ১৭, মতিঝিল সরকারি বালক উচ্চবিদ্যালয়ের ২৪, শেরেবাংলা সরকারি বালক উচ্চবিদ্যালয়ের ২৭, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুলের ২৫, খিলগাঁও সরকারি উচ্চবিদ্যালয়ের ৩১, তেজগাঁও সরকারি উচ্চবিদ্যালয়ের ২১, গণভবন সরকারি উচ্চবিদ্যালয়ের ২৪, মিরপুর সরকারি উচ্চবিদ্যালয়ের ১৯, নবাবপুর সরকারি উচ্চবিদ্যালয়ের ১৯, নারিন্দা সরকারি উচ্চবিদ্যালয়ের ৩১, ঢাকা কলেজিয়েট স্কুলের ২৯, আরমানিটোলা সরকারি বালক উচ্চবিদ্যালয়ের ২১, ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাইস্কুলের ৯, ইসলামিয়া সরকারি উচ্চবিদ্যালয়ের ৮, মতিঝিল সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের ৩২, বাস্কাবাজার সরকারি উচ্চবিদ্যালয়ের ২২, টিকাটুলী কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের ৩০, তেজগাঁও সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের ২৮, শেরেবাংলা সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের ২৪, ধানমণ্ডি কামরুন্নেছা সরকারি বিদ্যালয়ের ৭, ধানমণ্ডি সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের ৯ ও নিউ গভর্নমেন্ট গার্লস হাইস্কুলের ৭ শিক্ষক রয়েছে।